ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭২১

জম্পুইজলা,৩ সেপ্টেম্বর,২০২৫

**দুর্গাপূজা উপলক্ষ্যে জম্পুইজলায় বৈঠক অনুষ্ঠিত**

আজ জম্পুইজলা মহকুমা শাসকের সভাগৃহে আসন্ন দুর্গাপূজা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য একটি সভা অনুষ্ঠিত হয়। জম্পুইজলার মহকুমা শাসক চিরঞ্জীব আননের সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়। পূজার সময় শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা, সরকারি নিয়ম মেনে শারদোৎসব আয়োজন, মূর্তি বিসর্জনের সময় শান্তি শৃঙ্খলা বজায় রাখা, জনগণের কাছ থেকে জোর করে চাঁদা না তোলা ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। এছাড়া আজকের সভায় উপস্থিত ছিলেন জম্পুইজলার মহকুমা পুলিশ আধিকারিক স্নেহাশিস কুমার দেব, জম্পুইজলার বিডিও ওবেড এল. ডার্লং, জম্পুইজলা মহকুমার অন্তর্গত বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ এবং বিভিন্ন সামাজিক সংস্থার দুর্গাপূজা উদযাপন কমিটির প্রতনিধিগণ।

*****